

সোনালী ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়, ঢাকা  
ভিজিলাস এন্ড কন্ট্রোল ডিভিশন

তারিখঃ ২৩ জানুয়ারী, ২০১৩

প্রধান কার্যালয় ইস্তেহার নম্বর : ৪৪৫

জেনারেল ম্যানেজার/জিএম এন্ড কোম্পানী সেক্রেটারী/কনসালটেন্ট/  
ডেপুটি জেনারেল ম্যানেজার/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার  
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়, ঢাকা/  
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা/  
স্টাফ কলেজ/সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/সকল আঞ্চলিক কার্যালয়/  
সকল ট্রেনিং ইনস্টিটিউট/সকল শাখা  
সোনালী ব্যাংক লিমিটেড  
বাংলাদেশ।

বিষয় : এসএমই ডিভিশন : সৌর বিদ্যুৎ খাতে গ্রাম ও বাজারভিত্তিক গুচ্ছ  
অর্থায়নের জন্য “সোনালী আলো” কর্মসূচী'র নীতিমালা

প্রিয় মহোদয়,

বাংলাদেশের বিপুল সংখ্যক গ্রামে বিদ্যুৎ সংযোগ নেই, এমনকি অনেক জায়গাতে বিদ্যুৎ সংযোগের কোন সুযোগ নেই। অনেক গ্রামীণ বাজারও বিদ্যুৎবিহীন। একদিকে দেশে বিদ্যুৎ ঘাটতি, অপরদিকে গ্রীন ব্যাংকিং এর বিষয়টি মাথায় রেখে সরকার ও বাংলাদেশ ব্যাংক হতে নবায়নযোগ্য জ্বালানী খাতে অর্থায়নের বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় সোনালী ব্যাংক লিমিটেড হতে অর্থায়নের মাধ্যমে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন করে এই সকল বিদ্যুৎবিহীন গ্রাম ও বাজারগুলি আলোকিত করার মানসে পরিচালনা পর্ষদের ৭ জানুয়ারী, ২০১৩ তারিখের ২৭৮তম সভায় “সোনালী আলো” নামে নতুন একটি ঋণ কর্মসূচী অনুমোদিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন কর্মসূচীর আওতায় এই ঋণ কর্মসূচী পরিচালিত হবে। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংকের সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর সৌরবিদ্যুৎ, বায়োগ্যাস ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট খাতে পুনঃঅর্থায়ন চুক্তি রয়েছে। অর্থায়ন পরবর্তীতে যথানিয়মে বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়ন দাবী করা হবে। এই ঋণ কর্মসূচীর বিস্তারিত বিবরণ নিম্নরূপ :

- ০১। কর্মসূচীর নাম : “ সোনালী আলো ”
- ০২। কর্মসূচীর উদ্দেশ্য : যে সকল গ্রামে বা বাজারে বিদ্যুৎ সংযোগ নেই বা ভবিষ্যতেও সংযোগ পাওয়ার সম্ভাবনা নেই সেসব গ্রামে ও বাজারে সোনালী ব্যাংকের অর্থায়নের মাধ্যমে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন করে গ্রাম ও বাজারগুলোকে আলোকিত করনের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি করা ও জীবন মানের উন্নয়ন ঘটানো।
- ০৩। গ্রাহক ক্লাস্টার : সারা দেশের যে সমস্ত গ্রামে বিদ্যুৎ নেই সে সকল গ্রামে স্থায়ীভাবে বসবাসকারী কমপক্ষে ৩৫টি পরিবার এবং বিদ্যুৎবিহীন বাজারের কমপক্ষে ৩০টি দোকানের মালিক একত্রিত হয়ে সমন্বিতভাবে এই “ সোনালী আলো ” কর্মসূচীর সুবিধা নিতে পারবে। সোনালী ব্যাংক লিমিটেড এর নিকটবর্তী/সুবিধাজনক শাখা হতে এই ঋণ বিতরণ করা হবে। ক্লাস্টারের আওতাধীন প্রতিটি গ্রাহকের নামে স্বতন্ত্রভাবে তার চাহিদা অনুযায়ী ঋণ মঞ্জুর করা হবে এবং সেই পরিমাণ ঋণ পরিশোধের জন্য তিনি দায়ী থাকবেন।
- ০৪। ঋণ আবেদনকারীর যোগ্যতা : গ্রাহককে এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং বাজারের ক্ষেত্রে দোকানের মালিক হতে হবে।
- ০৫। ঋণসীমা : সর্বোচ্চ ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা (বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের নির্দেশনা মোতাবেক)।
- ০৬। ঋণের ইকুইটি : ১৫%
- ০৭। ঋণের মেয়াদ : ০৩ (তিন) বৎসর।
- ০৮। সুদের হার : ৯%। ( বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীমের নির্দেশনা মোতাবেক গ্রাহক পর্যায়ে সুদের হার ৯%, যা বাংলাদেশ ব্যাংক হতে ৫% সুদ হারে পুনঃঅর্থায়নযোগ্য)

অপর পৃষ্ঠায় দ্রঃ

- ০৯। ঋণের আবেদন : ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে (সংযোজনী-খ)। এছাড়াও আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে :  
ক) গ্রাহক এবং গ্যারান্টরের জাতিয়তা সনদপত্র  
খ) গ্রাহকের স্থায়ী বাসিন্দা বা বাজারের ক্ষেত্রে দোকানের মালিকানার স্বপক্ষে প্রমাণপত্র।  
গ) গ্যারান্টরের সম্মতিপত্র।  
ঘ) গ্রাহক এবং গ্যারান্টরের সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি।  
ঙ) সৌরবিদ্যুৎ এর যন্ত্রপাতি স্থাপনকারী প্রতিষ্ঠানের দরপত্র।
- ১০। ঋণ বিতরণ পদ্ধতি : ঋণগ্রহীতা ইকুইটির ১৫% টাকা ব্যাংকে নগদ জমা করবেন। সৌরবিদ্যুৎ যন্ত্রপাতি স্থাপনকারী প্রতিষ্ঠান কর্তৃক সফলভাবে সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপন ও বিদ্যুৎ প্রজ্জলন সম্পন্ন হলে শাখা ও গ্রাহকের অনাপত্তিক্রমে গ্রাহকের ঋণ হিসাব ডেবিট করে স্থাপনকারী প্রতিষ্ঠানকে যন্ত্রপাতির মূল্য পরিশোধ করা হবে।
- ১১। পরিশোধ পদ্ধতি : ৩ (তিন) বছরে ৩৬ (ছত্রিশ) টি মাসিক কিস্তিতে সুদাসলে পরিশোধ্য।
- ১২। ঋণমঞ্জুরী/ অনুমোদনকারী কর্তৃপক্ষ : Delegation of Discretionary powers, Business powers বুকলেট নং- ৩ এ বর্ণিত ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ খাতের অর্পিত ঋণ মঞ্জুরী ক্ষমতা (প্রকল্প ঋণ) অনুযায়ী ঋণ মঞ্জুরী/অনুমোদনযোগ্য হবে।
- ১৩। ঋণের জামানত : সৌরবিদ্যুৎ সংশ্লিষ্ট সকল যন্ত্রপাতি ও মালামাল হাইপোথিকেশনে থাকবে। কোন সহায়ক জামানতের প্রয়োজন হবে না। তবে স্থানীয় একজন ব্যক্তির ব্যক্তিগত জামানত (Personal Guarantee ) নিতে হবে।
- ১৪। ঋণবিতরণকারী শাখা : স্থানীয় কার্যালয় এবং কর্পোরেট শাখাসমূহ ব্যতীত দেশের সকল শাখার মাধ্যমে এ কর্মসূচীর আওতায় ঋণ মঞ্জুরী ও বিতরণ করা যাবে।
- ১৫। ঋণের বরাদ্দ : এই কর্মসূচীর জন্য আলাদা কোন বার্ষিক বরাদ্দ থাকবে না। প্রতিবছর প্রধান কার্যালয় এসএমই ডিভিশন হতে এসএমই খাতে যে বরাদ্দ দেওয়া হবে সেই বরাদ্দ হতে এই ঋণ বিতরণ করতে হবে। প্রয়োজনে ঐ অঞ্চলাধীন অন্যান্য শাখার বরাদ্দ হতে অঞ্চল প্রধান প্রকল্প সংশ্লিষ্ট শাখায় বরাদ্দ স্থানান্তর করতে পারবেন।
- ১৬। ঋণের দলিলাদি : প্রধান কার্যালয়ের মনিটরিং ও পূর্ণগঠন বিভাগের ২৬/০২/২০০৫ তারিখের এমআরডি/ ঋণের দলিলাদি/১১০ সংখ্যক পত্রের সাথে সংযুক্ত “ ঋণ ও অগ্রিমের জন্য গ্রহণীয় দলিলাদি এবং উপযুক্ত স্ট্যাম্পের তালিকা ” শীর্ষক পুস্তিকার ৩১ পৃষ্ঠার ০৮ নং ক্রমিক বর্ণিত নির্দেশনা ও প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে জারীকৃত ইস্তেহার পত্রাদিতে বর্ণিত নির্দেশনার আলোকে ঋণ দলিলাদি ঋণ বিতরণের পূর্বেই সম্পাদন করে শাখায় সংরক্ষণ করতে হবে।
- ১৭। সরবরাহকারীর দায়িত্ব ও কর্তব্য : সৌর বিদ্যুৎ তায়নের জন্য “সোনালী আলো” কর্মসূচী প্রকল্পে সৌর বিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন করে দিতে আগ্রহী সম্ভাব্য যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান কিছু শর্তাবলী (সংযোজনী-ক) পরিপালন সাপেক্ষে ঋণগ্রহীতা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সৌর বিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনকারী হিসেবে কাজ করতে পারবে।
- ১৮। রিপোর্টিং/ প্রতিবেদন : ১) সৌরবিদ্যুৎ খাতের ঋণসমূহ এসএমই ডিভিশনের আওতায় পরিচালিত হবে। অতএব সেই মোতাবেক প্রয়োজনীয় সকল রিপোর্টিং সম্পন্ন করতে হবে।  
২) এই কর্মসূচীর অধীনে ঋণ মঞ্জুরী ও বিতরণের প্রতিবেদন প্রতিটি জিএম অফিসের মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিতভাবে প্রধান কার্যালয়ের এসএমই ডিভিশনে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নীতিকৌশল ও নিয়মাচার অনুযায়ী “ সোনালী আলো ” কর্মসূচীর আওতায় সংশ্লিষ্ট সকলকে অর্থায়ন কার্যক্রম পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হল।

আপনাদের বিশ্বস্ত,

নিলুফার আখতার  
ডেপুটি জেনারেল ম্যানেজার

আ.ন.ম মাসরুফুল হুদা সিরাজী  
জেনারেল ম্যানেজার

সংযোজনী-ক

সৌর বিদ্যুৎতায়নের জন্য “সোনালী আলো” কর্মসূচী প্রকল্পে ঋণগ্রহীতা ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সৌর বিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন করে দিতে আগ্রহী সম্ভাব্য যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠানের জন্য অবশ্য পরিপালনীয় শর্তাবলী :

- ১) সোনালী ব্যাংক লিমিটেড প্রবর্তিত “ সোনালী আলো ” কর্মসূচীর আওতায় গ্রাহকদের অনুকূলে সৌর বিদ্যুৎ প্যানেল ( Solar Panel) স্থাপনকল্পে ব্যাংকের নীতিমালা মোতাবেক ঋণ মঞ্জুর করলে ঐ সকল গ্রাহকদেরকে ঋণের বিপরীতে সৌর বিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ/স্থাপন করে দিবে। ঋণগ্রহীতাকে প্রতিযোগিতামূলক মূল্যে গুণগত মানসম্পন্ন সৌর বিদ্যুৎ সরঞ্জামাদির সরবরাহ করবে এবং নিজ উদ্যোগে সম্পূর্ণরূপে সংস্থাপন করে ব্যবহার উপযোগী করে দিবে।
- ২) সোনালী ব্যাংক লিমিটেড নিজস্ব নীতিমালার আলোকে গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুর করবে। উক্ত ঋণসীমার মধ্যে প্রতিযোগিতামূলক মূল্যে উপযুক্ত গুণগত মান সম্পন্ন সৌরশক্তি সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন করবে। সরঞ্জামাদি নতুন ও গুণগত মানসম্পন্ন না হলে তা গ্রহণ করতে গ্রাহক ও ব্যাংক বাধ্য থাকবে না।
- ৩) সরবরাহকারী প্রতিষ্ঠান ঋণ মঞ্জুরীকালে অনুমোদিত দরপত্র মোতাবেক বর্ণিত সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ করে যুক্তিযুক্ত সময়ের মধ্যে তা গ্রাহকদের নির্ধারিত স্থানে সংস্থাপন করে দিবে।
- ৪) সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন শেষে তার কার্যকারিতার বিষয়ে নিশ্চিত হয়ে ব্যাংক কর্তৃপক্ষ দ্রুততম সময়ের মধ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানকে একাউন্ট পেয়ী পে-অর্ডারের মাধ্যমে সরঞ্জামাদি/সেবার মূল্য পরিশোধ করবে।
- ৫) সোনালী ব্যাংক লিমিটেড এর গ্রাহকদেরকে সৌরশক্তি সরঞ্জামাদি সরবরাহের ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠান এসএমই বিভাগের নীতিমালা মোতাবেক সৌরশক্তি সরঞ্জামাদির গ্যারান্টি/ওয়ারেন্টি দিতে বাধ্য থাকবে এবং ওয়ারেন্টি মোতাবেক কার্যোত্তর সেবা প্রদান করতে বাধ্য থাকবে। প্রধান কার্যালয়ের ২৬ অক্টোবর, ২০১০ তারিখের প্রকা/এসএমইডি/সৌরশক্তি/৩৭৭ সংখ্যক সাধারণ পত্রের সাথে সংযুক্ত ঋণ আবেদনপত্র ও গ্যারান্টি/ওয়ারেন্টি পত্র মোতাবেক সৌরশক্তি সিস্টেম স্থাপনের ৫(পাঁচ) বছরের মধ্যে সিস্টেমটির যে কোন অংশে যদি কোন সমস্যা দেখা দেয় তাহলে যন্ত্রপাতি স্থাপনকারী নিজ খরচে উক্ত সিস্টেমটি পুনঃস্থাপন/মেরামত করে দিবে, এছাড়াও স্থাপিত যন্ত্রপাতির মধ্যে প্যানেল-২০ বছর, ব্যাটারী ১৮AH ২বছর, ব্যাটারী ৩০-১০০AH ৫ বছর, চার্জ কন্ট্রোলার ৩ বছর ও লাইট ১ বছর এর গ্যারান্টি/ওয়ারেন্টি প্রদান করবে।
- ৬) “সোনালী আলো” কর্মসূচীর আওতায় কোন গ্রাম বা বাজারে ব্যাংক কর্তৃক নির্বাচিত সকল ঋণগ্রহীতা গ্রাহককে সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন সম্পন্ন করলেই কেবল কোম্পানী সরঞ্জামাদি ও সেবার সমুদয় মূল্য প্রাপ্য হবেন। সৌরবিদ্যুতের আংশিক সংযোগের ক্ষেত্রে কোন মূল্য পরিশোধ করা হবে না।
- ৭) সৌরশক্তি সরঞ্জামাদির কার্যকারিতা বিষয়ে গ্রাহকের যে কোন অভিযোগের বিষয়ে সরবরাহকারী প্রতিষ্ঠান ত্বরিত ব্যবস্থা গ্রহণ করবে এবং তা সমাধান করে দিবে। এক্ষেত্রে অযথা কালক্ষেপন করা যাবে না বা গ্রাহকদেরকে কোনরূপ হয়রানি করা যাবে না।
- ৮) সরবরাহকারী প্রতিষ্ঠান গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ব্যাংক ঋণের কিস্তি আদায়ে সোনালী ব্যাংক লিমিটেডকে সহযোগিতা করবে।
- ৯) শুধুমাত্র কোন একটি নির্দিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান এর নিকট হতে সৌরশক্তি সরঞ্জামাদি ক্রয়/সংস্থাপনের ব্যাপারে এই ব্যাংকের কোন আইনগত বাধ্যবাধকতা থাকবে না। “সোনালী আলো” কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংক সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপনকারী যে কোন প্রতিষ্ঠান শর্তাবলী পরিপালন সাপেক্ষে সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও স্থাপন করে দিতে পারবে বা তাদের নিকট থেকে সরঞ্জামাদি ক্রয়/সংস্থাপন করতে পারবে।
- ১০) সৌরশক্তি সরঞ্জামাদি সংস্থাপনের পর তার কার্যকারিতার বিষয়ে গ্রাহকদের নিকট হতে ক্রমাগত অভিযোগ পাওয়া গেলে অথবা ওয়ারেন্টি মোতাবেক সরবরাহকারী প্রতিষ্ঠান কার্যোত্তর সেবা প্রদানে ব্যর্থ হলে তাদেরকে কালো তালিকাভুক্ত করা হবে।
- ১১) সৌর বিদ্যুৎতায়নের জন্য “ সোনালী আলো ” কর্মসূচীর আওতায় প্রত্যেক গ্রাহকের অনুকূলে গ্রাহকের মালিকানাধীন ও দখলীয় সুবিধাজনক স্থানে সৌরবিদ্যুৎ সরঞ্জামাদি সরবরাহ ও সংস্থাপন করে দিতে হবে।

সৌর শক্তি খাতে (Solar Energy) ঋণের আবেদন ফরম  
(একক বা যৌথ ভিত্তিতে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠানের জন্য)

প্রত্যেকের ২ কপি  
পাসপোর্ট সাইজের

ছবি

১। ঋণ আবেদনকারী/আবেদনকারীগণের নাম, ঠিকানা ও বিবরণ :

( দুই এর অধিক আবেদনকারীর ক্ষেত্রে আলাদা শীট সংযুক্ত করা যেতে পারে)

(১) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :	(২) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :
পিতা/স্বামীর নাম :	পিতা/স্বামীর নাম :
মাতার নাম :	মাতার নাম :
বর্তমান ঠিকানা :	বর্তমান ঠিকানা :
স্থায়ী ঠিকানা :	স্থায়ী ঠিকানা :

ফোন নম্বর :	ফোন নম্বর :
জন্ম তারিখ :	জন্ম তারিখ :
শিক্ষাগত যোগ্যতা :	শিক্ষাগত যোগ্যতা :
জাতীয় পরিচয় পত্র নম্বর :	জাতীয় পরিচয় পত্র নম্বর :

২। আবেদনকৃত ঋণের পরিমাণ :

৩। যে স্থানে সৌরশক্তি প্যানেল বসানো হবে তা আবেদনকারীর নিজস্ব জমি/পশুট/বাড়ী কিনা :  
জমি /প- ট/বাড়ীর বিবরণ (সড়ক নং ও বাড়ী নং, দাগ নং, খতিয়ান নং পূর্ণ ঠিকানা) :

৪। ট্রেড লাইসেন্স নং (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) :

৫। TIN নং (যদি থাকে) :

৬। গ্যারান্টি সম্পর্কিত তথ্যাদি (বাণিজ্যিক ভিত্তিতে ঋণ প্রদানের ক্ষেত্রে) :  
ক) জামিনদারের নাম, পিতার নাম ও ঠিকানা :

খ) ঋণ আবেদনকারীর সাথে সম্পর্ক :

৭। বাছাইকৃত যন্ত্রপাতির বিবরণ (উৎপাদন ক্ষমতা/ওয়াট উল্লেখসহ) :

৮। যন্ত্রপাতি সরবরাহকারীর নাম ও ঠিকানা :

ঋণ আবেদনকারী/আবেদনকারীগণের স্বাক্ষর

১।

২।

তারিখ : ৩।

\* (যন্ত্রপাতি সরবরাহকারীর গ্যারান্টি/ওয়ারেন্টি ফরম সংযুক্ত)

সৌরশক্তি প্যানেল/যন্ত্রপাতি সরবরাহকারীর গ্যারান্টি/ওয়ারেন্টি

আমরা.....  
.....(কোম্পানীর নাম ও ঠিকানা) এই  
মর্মে অঙ্গীকার করছি যে, জনাব.....  
পিতা/স্বামী.....ডাকঘর.....  
ইউনিয়ন.....থানা.....জেলা..... কে সরবরাহকৃত  
সৌরশক্তি প্যানেল/যন্ত্রপাতি সম্পূর্ণ নতুন। আমরা আরো গ্যারান্টি/ওয়ারেন্টি দিচ্ছি যে, সৌরশক্তি সিস্টেম  
স্থাপনের ৫ বছরের মধ্যে সিস্টেমটির যে কোন অংশে যদি কোন সমস্যা দেখা দেয় তাহলে আমরা নিজ খরচে  
উক্ত সিস্টেমটি পুনঃস্থাপন/মেরামত করে দেব। এছাড়াও আমরা স্থাপিত যন্ত্রপাতির নিম্নরূপ গ্যারান্টি/ওয়ারেন্টি  
প্রদান করছি :

- ১। প্যানেল ২০ বৎসর
- ২। ব্যাটারী ১৮ AH - ২ বৎসর, ব্যাটারী 30 - 100 AH - ৫ বৎসর
- ৩। চার্জ কন্ট্রোলার - ৩ বৎসর
- ৪। লাইট - ১ বৎসর

স্বাক্ষর :

নাম :

পদবী :

সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম :

সীল :